# জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর এর সংক্ষিপ্ত পরিচিতি ও ২০২১-২২ অর্থবছরের উল্লেখযোগ্য কার্যক্রম

**১. দপ্তর পরিচিতি :** জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের মাধ্যমে পরিচালিত একটি সরকারি প্রতিষ্ঠান। গ্রন্থাগারটি শেরপুর শহরের প্রাণকেন্দ্রে ১৯২৬ সালে রিডিং ক্লাব নামে (বেসকারিভাবে) যাত্রা শুরু করে। 'জেলা পাবলিক লাইব্রেরি সমূহের উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)'এর মাধ্যমে (১৯৮৭-১৯৯১) গ্রন্থাগারটি সরকারিকরণ করা হয়। ১৯৯১ সালের জুলাই মাস থেকে প্রতিষ্ঠানটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রাজস্ব বাজেটে স্থানান্তরিত হওয়ার মাধ্যমে পূর্ণাঙ্গা সরকারি প্রতিষ্ঠান হিসেবে আত্মপ্রকাশ করে। বর্তমানে গ্রন্থাগারটি শেরপুর শহরের মাধবপুর মহল্লায় ৩৩ শতাংশ জমির উপর ৫০০০ বর্গফুটের একতলা বিশিষ্ট নিজস্ব ভবনে কার্যক্রম পরিচালনা করছে।

**২. উল্লেখযোগ্য কার্যক্রমঃ**

| ক্রমিক | উল্লেখযোগ্য কার্যক্রম | আমাদের অর্জন |
|---|---|---|
| ১ | পুস্তক সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ | গণগ্রন্থাগার অধিদপ্তর থেকে ১৫০৪ টি পুস্তক সংগ্রহ, অন্তর্ভূক্তি রেজিস্ট্রারে তালিকাভূক্তকরণ, প্রক্রিয়াকরণ ও বিধি মোতাবেক শেলফে সজ্জিত করা হয়েছে। |
| ২ | সদস্য সংগ্রহ | ৫৫ জন নতুন পাঠককে গ্রন্থাগারের সদস্য হিসেবে নিবন্ধিত করা হয়েছে। উল্লেখ্য এপর্যন্ত গ্রন্থাগারের নিবন্ধিত মোট সদস্য সংখ্যা ৭৯৩ জন। |
| ৩ | পাঠক সেবা | ২০২১-২২ অর্থবছরে ১১,৪৫৪ জন সেবাগ্রহীতাকে পাঠক সেবা (বইপাঠ/পুস্তক লেনদেন/রেফারেন্স সেবা/দৈনিক পত্রিকা/সাময়িকী পাঠ/পুরাতন পত্রিকা সেবা) প্রদান করা হয়েছে। |
| ৪ | সম্প্রসারণমূলক সেবা | ২০২১-২২ অর্থবছরে ছয়টি (০৬) জাতীয় ও আর্ন্তজাতিক দিবসে মোট নয়টি (০৯) প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে যেগুলোতে মোট ১৭৩ জন প্রতিযোগী অংশগ্রহণ করে। |
| ৫ | ইন্টারনেট ব্যবহার সেবা | ২০২১-২২ অর্থবছরে মোট ১০৩৪ জন সেবা গ্রহীতা গ্রন্থাগার থেকে বিনামূল্যে ইন্টারনেট সেবা গ্রহণ করেছে। |
| ৬ | প্রাতিষ্ঠানিক সেবা | ২০২১-২২ অর্থবছরে নয়টি (০৯) বেসরকারি গ্রন্থাগারকে তালিকাভূক্ত করা হয়েছে। |
| ৭ | ভ্রাম্যমান লাইব্রেরি সেবা | ২০২১-২২ অর্থবছরে 'দেশব্যাপী ভ্রাম্যমান লাইব্রেরি' প্রকল্পের অধীনে শেরপুর জেলায় ৬০৬৫ জনকে বই ধার সেবা প্রদান এবং ৬০০ জন নতুন পাঠক সংগ্রহ করা হয়েছে। বর্তমানে জেলার ৫টি উপজেলায় মোট ৪৭ টি স্পটে এই সেবা প্রদান করা হচ্ছে। |
| ৮ | জাতীয় গ্রন্থাগার দিবস ২০২২ উদযাপন | যথাযোগ্য মর্যাদায় ০৫ ফেব্রুয়ারি তারিখে জাতীয় গ্রন্থাগার দিবস ২০২২ উদযাপন করা হয়েছে। |
| ৯ | প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি | গণগ্রন্থাগার অধিদপ্তর ও জেলা প্রশাসন, শেরপুরের আয়োজনে অত্র দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণ বিভিন্ন বিষয়ে অনলাইন প্রশিক্ষণ, ওয়ার্কশপ, আলোচনা সভা ও সেমিনারে অংশগ্রহন করেছে। |
| ১০ | সেবা সহজিকরণ | সামাজিক যোগাযোগ মাধ্যম (ফেইসবুক, ইউটিউব) ও ওয়েব পোর্টাল ব্যবহার করে বিভিন্ন গুরুত্বপূর্ণ তথ্যাদি, প্রতিবেদন, প্রতিযোগিতার বিজ্ঞপ্তি/ফলাফল/খবর প্রচার করা; রেফারেন্স সেবা; গ্রন্থ-পর্যালোচনা, পাঠাভ্যাসে উদ্বুদ্ধ করা ইত্যাদি সেবা সহজে প্রদান করা হচ্ছে। |
| ১১ | বেসরকারি গ্রন্থাগার পরিদর্শন | ২০২১-২২ অর্থবছরে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুদান প্রদানের লক্ষ্যে শেরপুর জেলার ২৪ টি বেসরকারি গ্রন্থাগার পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করা হয়েছে। |
| ১২ | বঙ্গাবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার স্থাপন প্রকল্পের মালামাল বিতরণ | গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত 'দেশের লাইব্রেরিসমূহে বঙ্গাবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার স্থাপন' প্রকল্পের জন্য নির্বাচিত শেরপুর জেলার ২২টি গ্রন্থাগারকে নির্ধারিত মালামাল ও বই বুঝিয়ে দেয়া হয়েছে। |

| | | |
|---|---|---|
| ১৩ | বিবিধ | জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে বিভিন্ন জাতীয় দিবস উদযাপন ও গুরুত্বপূর্ণ কার্যক্রমে অংশগ্রহন করা হয়েছে। |

**৩. আইসিটি বিষয়ক তথ্য :** তথ্য ও যোগাযোগ প্রযুক্তির মধ্যে গ্রন্থাগারে ২টি কম্পিউটার, ১টি ল্যাপটপ, ৪টি কানো কম্পিউটার, ১টি মনিটর ও ৮টি ক্যামেরাসহ ১ সেট সিসি ক্যামেরা সিস্টেম , ২টি মাইক্রোফোন ও ১টি স্পীকারসহ ১ সেট সাউন্ড সিস্টেম, ২টি প্রিন্টার, ১টি স্ক্যানার, ১টি টেলিফোন সেট, ইন্টারনেট সংযোগসহ ২টি ওয়াইফাই রাউটার সচল রয়েছে। তাছাড়া অকেজো যন্ত্রাংশের মধ্যে ২টি কম্পিউটার, ১টি ট্যাব, ১টি ফটোকপি মেশিন, ১টি টেলিভিশন, ২টি টেলিফোন সেট, ২টি প্রিন্টার, ১টি মডেম সংরক্ষিত রয়েছে।

**৪. ই-নথিতে পত্র জারি ও নোট নিষ্পত্তির সংখ্যা :** ২০২১-২২ অর্থবছরে ই-নথিতে মোট ১০৭ টি পত্র জারি এবং ৮১.৬০% নোট নিষ্পত্তি করা হয়েছে।

**৫. উদ্ভাবনী কার্যক্রম :** ২০২১-২২ অর্থবছরে উদ্ভাবনী কার্যক্রমের আওতায় অনলাইন ডেটাবেজ (গ্রন্থাগারে সংরক্ষিত বইয়ের গ্রন্থপঞ্জিগত তথ্যসমৃদ্ধ একটি তালিকা তৈরি করে ওয়েব পোর্টালে আপলোড করা) তৈরি করা হয়েছে।

**৬. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী অর্জন :** ২০২১-২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রার ৯৮% অর্জিত হয়েছে।

**৭. জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত তথ্য :** ২০২১-২২ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন করে ১০০% বাস্তবায়ন করা হয়েছে।

**৮. বইমেলা সংক্রান্ত তথ্য:** মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক গত ৩০/১২/২০২১ খ্রি. তারিখ থেকে ০২/০১/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত শেরপুরে 'বঙ্গবন্ধু ও স্বাধীনতা বইমেলা' আয়োজন করা হয়েছে।

**৯. করোনাকালে গৃহীত পদক্ষেপ :** স্বাস্থ্যবিধি অনুসরণ ও পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম জোড়দার করতে অত্র দপ্তরের সকল কর্মকর্তা, কর্মচারী ও সেবাগ্রহীতাকে উৎসাহিত করা হয়েছে। এজন্য দৃশ্যমান স্থানে নির্দেশিকা প্রদর্শন এবং অডিও বার্তার মাধ্যমে সেবাগ্রহীতাদের সচেতন করা হচ্ছে। তাছাড়া পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির অংশ হিসেবে জুতা খুলে পাঠকক্ষে প্রবেশের ব্যবস্থা করা হয়েছে এবং গ্রন্থাগার চত্বর, পাঠকক্ষ ও টয়লেট নিয়মিত পরিস্কার করা হচ্ছে।

**১০. উল্লেখযোগ্য ছবি (অনধিক ২ কপি) :** সংযুক্ত

**১১. যোগাযোগ :** লাইব্রেরিয়ান,
জেলা সরকারি গণগ্রন্থাগার, মাধবপুর, শেরপুর টাউন, শেরপুর-২১০০।
ফোন : ০২৯৯৭৭৮১১৫৩ (অফিস)
মোবাইল : ০১৭৯০৫৮৮৪৫৮
ইমেইল : dplsherpur@gmail.com (অফিস)
ওয়েবসাইট : publiclibrary.sherpur.gov.bd

১৮/০৯/২০২২
**(সাজ্জাদুল করিম)**
লাইব্রেরিয়ান
ফোন : ০২৯৯৭৭৮১১৫৩
ই-মেইল : dplsherpur@gmail.com